

# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট

## ২৭-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ শ্রেণির অভিভাবক দিবস - ২০১৮

### অধ্যক্ষ মহোদয়ের বক্তব্যের পয়েন্টসমূহ:

#### আলোচ্য বিষয়সমূহ :

- ১। উপস্থিত সম্মানিত অভিভাবকদের অভিনন্দন।
- ২। এ বছর এ কলেজ থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় ২৪০৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ২৪০৪ জন কৃতকার্য হয়। এর মধ্যে ১৩০৫ জন জিপিএ- ৫ পেয়েছে। পাসের হার ৯৯.৯৬%।
- ৩। বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কলেজসমূহের মধ্যে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ (২০১৪, ২০১৫ ও ২০১৬) সালে পর পর তিন বছর সেরা কলেজ হওয়ার বিরল গৌরব অর্জন করেছে।
- ৪। এছাড়াও ২০১৮ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত “জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০১৮”-এ ঢাকা মহানগরীর শ্রেষ্ঠ কলেজ নির্বাচিত হওয়ায় গৌরব অর্জন করেছে।
- ৫। কলেজের মূলমন্ত্র “শিক্ষা, শৃঙ্খলা ও নৈতিকতা” এর আলোকে অত্র কলেজে প্রতিটি শিক্ষার্থীকে দেশের জন্য সুনামজনক হিসেবে গড়ে তোলাই আমাদের কলেজের লক্ষ্য।
- ৬। ছাত্র, শিক্ষক ও অভিভাবকের ত্রিমুখী প্রচেষ্টাই এই সাফল্যের মূল চালিকা শক্তি। মানসম্মত শিক্ষা নিশ্চিত করে কাজিত ফলাফল অর্জনে ছাত্র-শিক্ষক-অভিভাবকের সমন্বিত প্রচেষ্টার কোন বিকল্প নেই। এ লক্ষ্যকে সামনে রেখে দ্বাদশ শ্রেণির এ অভিভাবক দিবস।
- ৭। সাফল্যের এ ধারাবাহিকতা যে কোন মূল্যে বজায় রাখতে হবে এবং এ দায়িত্ব আমাদের সবার উপরে।

#### ক। নির্বাচনী পরীক্ষা প্রসঙ্গে:

- ১। আগামী ০১ নভেম্বর বৃহস্পতিবার ২০১৮ হতে দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা শুরু হবে। শিক্ষার্থীদেরকে প্রতিটি পরীক্ষায় ভালো ফলাফল অর্জন করতে হবে। এ প্রেক্ষিতে নির্বাচনী পরীক্ষার জন্য সকল শিক্ষার্থীকে যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে।
- ২। ঢাকা শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী নির্বাচনী পরীক্ষায় কোন শিক্ষার্থী এক বিষয়ে অকৃতকার্য হলেও তাকে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা যাবে না।
- ৩। নির্বাচনী ব্যবহারিক পরীক্ষা শুরু : ০২-১২-২০১৮ তারিখ থেকে। বোর্ড পরীক্ষার অনুরূপ ব্যবহারিক খাতায় সকল Exprement এ স্বাক্ষর সম্পন্ন করে জমা দিতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য হলেও বোর্ড পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে না।
- ৪। নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র প্রদর্শন : ০৯-১২-২০১৮ তারিখ (রবিবার)
- ৫। নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশ : ১৩-১২-২০১৮ তারিখ (বৃহস্পতিবার)
- ৬। নির্বাচনী পরীক্ষার ফলাফলে উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম ফিলাপ: ১৭-১২-২০১৮ তারিখ (সম্ভাব্য)
- ৭। শিক্ষার্থীদের লেখাপড়ার প্রতি উৎসাহ বৃদ্ধির জন্য আমরা মেধাবী শিক্ষার্থীদের Principal Award এর পরিমাণ বৃদ্ধি করেছি। ১ম পুরস্কার ৫,০০০ টাকা থেকে বৃদ্ধি করে ১০,০০০ টাকা করেছি, ২য় পুরস্কার ৩,০০০ টাকা থেকে বৃদ্ধি করে ৭,০০০ টাকা করেছি এবং ৩য় পুরস্কার ২,০০০ টাকা থেকে বৃদ্ধি করে ৫,০০০ টাকা করেছি।

খ। নির্বাচনী পরীক্ষার পর বাধ্যতামূলক কোচিং ও পরীক্ষা প্রসঙ্গে:

- ১। নির্বাচনী পরীক্ষার পর বিগত বছরের ন্যায় মেধাবী, মধ্যম, দুর্বল ও অতিদুর্বল শিক্ষার্থী নির্বাচন করে কোচিং ক্লাস ও মডেল টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হবে সেখানে আপনার সন্তানের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২। দুর্বল ও অতিদুর্বল শিক্ষার্থীকে নির্বাচন করে বিষয়ভিত্তিক শিক্ষকের তত্ত্বাবধানে নীবিড় পর্যবেক্ষণ রাখা হবে।
- ৩। আমাদের পরিকল্পনা অনুযায়ী চূড়ান্ত মডেল টেস্ট ১২-০২-২০১৯ তারিখ থেকে শুরু করা হবে।

গ। ফেসবুক ও মোবাইল ফোন ব্যবহারে সতর্কতা :

ফেসবুক, ইন্টারনেট বা অন্য কোন মাধ্যম ব্যবহার করে কলেজ, রাষ্ট্র বা কোন গোষ্ঠি বা ব্যক্তির বিরুদ্ধে কোন অপপ্রচার বা ব্যঙ্গ বা লাইক বা শেয়ার করা যাবে না। মোবাইল, কম্পিউটার, ল্যাপটপসহ ইলেক্ট্রনিক্স ডিভাইস এখন থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত আপনাদের কাছে জমা থাকবে।

ঘ। HSC পরীক্ষা প্রসঙ্গে:

- ১। সম্ভাব্য আগামী ০১-০৪-২০১৯ তারিখ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা। পরীক্ষার কেন্দ্র কোথায় হবে সে ব্যাপারে চিন্তা না করা।
- ২। এ বছর থেকে পরীক্ষার কেন্দ্রে ১ ঘন্টা পূর্বে প্রবেশ করতে হয়েছে যা পরবর্তী বছরেও বলবৎ থাকবে। সে ব্যাপারে সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান।
- ৩। প্রশ্নপত্র কোন প্রকার ফাঁস হবে না বর্তমানে এ ব্যাপারে আইন শৃঙ্খলা বাহিনী অত্যন্ত সতর্ক অবস্থানে রয়েছে।
- ৪। উচ্চমাধ্যমিক পরীক্ষার সময় গণনা: আজ থেকে হিসাব শুরু করলে HSC পরীক্ষার সময় আছে আর ১৫৪ দিন যাকে ১৩টি বিষয় দিয়ে ভাগ করলে প্রতি বিষয়ের জন্য সময় পাবে মাত্র ১১ দিন করে আর যদি নির্বাচনী পরীক্ষার পর থেকে হিসাব করা হয় তাহলে পরীক্ষায় সময় বাকি ১০৫ দিন যাকে ১৩টি বিষয় দিয়ে ভাগ করলে প্রতি বিষয়ের জন্য সময় পাবে মাত্র ০৮ দিন। এভাবে প্রতিটি বিষয়ের জন্য কয়দিন করে সময় পাওয়া যায় তা ভাগ করে শিক্ষার্থীদেরকে HSC পরীক্ষার প্রস্তুতি নিতে হবে।

ঙ। বিবিধ বিষয় :

- ১। ৮২তম বি এম এ লং কোর্সে যোগদানের নিমিত্তে ISSB এর জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ১৫৬ জন।
- ২। আমাদের কলেজের রেকর্ড সংখ্যক শিক্ষার্থী এ বছর মেডিকেল কলেজ, বুয়েট ও বিশ্ববিদ্যালয় ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে।
- ৩। বিগত বছরে শেষ সময়ে আমরা মেডিক্যাল ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি কোচিং এর আবেদন করেছি যা এ বছরও শুরু থেকে বলবৎ থাকবে।

চ। সকল শিক্ষার্থীদের নিজ স্বাস্থ্যের প্রতি এখন থেকে যত্নবান হওয়ার জন্য বলা হলো।

একটি সুন্দর স্বপ্নকে ধারণ করে আপনার সন্তান এ প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে। আমরা তাদের স্বপ্ন বাস্তবায়নের জন্য নিরন্তর কাজ করে যাচ্ছি। এ প্রতিষ্ঠানের সব কিছু তাদের উজ্জ্বল ভবিষ্যৎ বিনির্মাণের জন্য। ছাত্র, শিক্ষক ও অভিভাবকের ত্রিমুখী প্রচেষ্টার মধ্য দিয়ে আমার প্রাণ প্রিয় শিক্ষার্থীরা কাঙ্ক্ষিত লক্ষ্যের দিকে এগিয়ে যাবে এবং দেশের জন্য সুনামগরিক হয়ে গড়ে উঠবে- এই প্রত্যাশা করছি।